পদ্মা সেতু এলাকায় অস্ত্র হাতে নিষিদ্ধ আওয়ামী লীগের বিক্ষোভ মিছিল



ছবি: সংগৃহীত

মাদারীপুরের শিবচরে পদ্মা সেতু সংলগ্ন এলাকায় দেশীয় অস্ত্র নিয়ে বিক্ষোভ মিছিল করেছেন কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতাকর্মীরা।

বুধবার (১৮ নভেম্বর) রাতে উপজেলার কুতুবপুর ইউনিয়নে সেতু এলাকার কাছে এ মিছিল হয়। এতে নেতৃত্ব দেন মনোয়ার বেপারী ও দুলাল বেপারী।

প্রত্যক্ষদর্শী ও স্থানীয় সূত্রের বরাতে জানা গেছে, মিছিলে অংশ নেওয়া কয়েকজনের হাতে দেশীয় অস্ত্র দেখা যায়। এ সময় তাঁরা 'জয় বাংলা', 'শেখ হাসিনা আসবে, বাংলাদেশ হাসবে' এবং 'শেখ হাসিনার জন্য বাংলাদেশ ধন্য, লিটন ভাইয়ের জন্য শিবচর ধন্য'সহ বিভিন্ন স্লোগান দেন। মিছিল নিয়ে পদ্মা সেতু এলাকার সড়কের দিকে যাওয়ার সময় রাস্তা বন্ধ করে দেওয়ার কথাও তাঁদের বলতে শোনা গেছে বলে স্থানীয়দের দাবি।

স্থানীয় বিএনপি নেতাদের অভিযোগ, কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতাকর্মীরা দেশের স্থিতিশীলতা নষ্টের চেষ্টা করছেন। এ ধরনের তৎপরতা ঠেকাতে তাঁরা মাঠে রয়েছেন। তবে পরিস্থিতি নিয়ন্ত্রণে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কার্যকর ভূমিকা প্রয়োজন বলে মনে করেন তাঁরা।

এ বিষয়ে জানতে শিবচর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কামাল হোসেনের সঙ্গে একাধিকবার ফোনে যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি সাড়া দেননি। ফলে এ ঘটনায় পুলিশের বক্তব্য পাওয়া যায়নি।